

লালসাহিত্য

মেঘদূত

শ্রীসনৎকুমার মিত্র

সম্পাদিত

## টাইপ ও মোটিফ সূচি

মুনমুন গঙ্গোপাধ্যায়

আত্মপ্রকাশ ও আত্মপ্রতিষ্ঠা মানুষের সহজাত প্রবৃত্তি। তাইই প্রেরণায় গুহাবাসী মানুষ পাহাড়ের গায়ে পশু-পাখি, বৃক্ষ-লতা, দেব-দেবী, শিকার, যুদ্ধ-বিগ্রহ প্রকৃতির ছবি এঁকেছে। নৃত্য-গীত, রঙ্গ-তামাসা, গল্প-কথা ইত্যাদির দ্বারা নিজেদের চিত্ত-বিনোদন ছাড়াও পারস্পরিক সম্পর্ক বজায় রেখেছে। এইভাবে ধীরে ধীরে গড়ে উঠেছে তাদের সংস্কৃতি। রবীন্দ্রনাথ সংস্কৃতির এই প্রবাহকে পুরাতন এবং নিতানুতন বলেছেন। তাঁর মতে 'নব নব হৃদয়ের ভিতর দিয়া এই সনাতন স্রোত চিরদিনই নবীভূত হইয়া চলিয়াছে।' [সাহিত্যের তাৎপর্য পৃ: ৭৩৭]।

কিন্তু লোকসংস্কৃতি বলতে আমরা কী বুঝবো? নৃতাত্ত্বিক অভিধানে folk-এর সংজ্ঞায় বলা হয়েছে 'Folk in ethnology is the common people who share a basic store of old tradition.' [International Dictionary of Regional European Ethnology and Folklore]। অর্থাৎ 'Folk'-এর প্রাচীন ঐতিহ্যকে স্বীকার করা হয়েছে। 'আদিম সভ্যতার কেন্দ্রবিন্দু' থেকে যেমন তার উৎপত্তি, তেমনি প্রাচীন যুগ, সমাজ ও সভ্যতার নানা পরিচয় লোকসংস্কৃতিতে সমাহৃত হয়ে আছে। 'Webster's New Collegiate Dictionary'-তে 'Folk'-এর ব্যাখ্যায় পাঁই: 'The great proportion of the members of a people that determines the group character and that tends to preserve its characteristics form of civilization and its customs, arts and crafts, legends, traditions and superstitions, from generation to generation.' অর্থাৎ 'লোক' হচ্ছে সাধারণ মানুষের একটা বড় অংশ যারা সভ্যতা, ঐতিহ্য, প্রথা ও বিশ্বাসের বিশিষ্ট রূপকে বংশানুক্রমিকভাবে ধারণ করে। এই 'লোক' তথা লোকসমাজ সামাজিক বা ধর্মীয় প্রয়োজনে, কিম্বা নিছকই চিত্তবিনোদনের কারণে লোককথা সৃষ্টি করে, যার গতি আজও অব্যাহত। কিন্তু ভিন্ন ভিন্ন দেশ ও কালানুযায়ী লোককথার বৈশিষ্ট্য বা আদর্শ/ছাঁচ [type]-এর রকমফের হয়। আবার, প্রত্যেকটি লোককথায় ঐ সব আদর্শ/ছাঁচ তৈরিতে এক বা একাধিক মূল অভিপ্রায়ের [Motive] সন্ধান পাওয়া যায়।

মানব-সভ্যতার বিবর্তনের ধারায় লোকসংস্কৃতির উপাদানগুলি যথেষ্ট মূল্যবান। এ-ছাড়া এর সমাজ-ইতিহাসগত গুরুত্বও অনস্বীকার্য। এই সত্য উপলব্ধি করে ১৮৩১ খ্রিস্টাব্দে ফিনিশীয় বিশ্ববিদ্যালয়ের কয়েকজন তরুণ অধ্যাপক 'ফিনিশ লিটারারি সোসাইটি' প্রতিষ্ঠা করেন।

১৮৩৫-এ এই সোসাইটি সারা বিশ্বের কাছে পরিচিত হয়। তারপর অসংখ্য মানুষ, ছাত্র ও গবেষকদের অক্লান্ত পরিশ্রমে ফিনল্যান্ডের লক্ষ লক্ষ লৌকিক উপাদান সংগৃহীত হয়, গড়ে ওঠে লোককথার ভাণ্ডার। 'ঐতিহাসিক-ভৌগোলিক' পদ্ধতির জনক জুলিয়ান ফ্রোনের পুত্র কার্লে ফ্রোন [১৮৬০-১৯৩৩] লোককথার ভাণ্ডারের শ্রেণীবিন্যাস করার দায়িত্ব দেন অ্যান্টি এডনারকে [১৮৬৭-১৯২৫]। আর্নে এই কাজের পরিকল্পনা সম্পর্কে বলেন: 'For each editor has arranged his collection according to his own judgement, which is only a few instances has been guided by a deeper knowledge of the subject.'

কিন্তু আর্নের মৃত্যুর পর তাঁর অসম্পূর্ণ কাজ সম্পূর্ণ করার দায়িত্ব নেন স্টিথ থম্পসন যা ১৯২৮-এ *The types of the Folktale* নামে প্রকাশিত হয়। থম্পসন বিশ্বে প্রচলিত বিভিন্ন লোককাহিনী গুলিকে ২৪৯৯টি ভাগে ভাগ করেছেন। আর্নে যেখানে ৮টি টাইপের সূচি সম্পন্ন করেছিলেন, সেখানে থম্পসন কাহিনী সংগ্রহ ও বর্গীকরণ সম্পর্কে বিস্তারিত গবেষণার দ্বারা সংশোধিত টাইপ-সূচি প্রকাশ করেন।

আসলে প্রতিটি লোককথাই এক-একটি টাইপ বা বৈশিষ্ট্য চিহ্নিত। একটি নির্দিষ্ট লোককথাকে নির্বাচন করে আমরা এর সম্ভাব্য উৎস ও প্রচলন স্থান নির্ণয় করতে পারি। লোককথায় যে স্বতন্ত্র নিরপেক্ষ বিবৃতি থাকে তাকেই বলে 'টাইপ'। এর দ্বারা বোঝা যায়, একটি জাতির লোকসংস্কৃতিতে বিশেষ কয়েকটি টাইপেরই সন্ধান পাওয়া সম্ভব। শুধু তাই নয়, সেই জাতির চিন্তা-ভাবনা-পরিবেশ ও মানসিক স্তর নির্ধারিত হয় কোন্ কোন্ লোককথা সেই সমাজে প্রচলিত থাকবে। অর্থাৎ কোনো একটি জাতির সামাজিক বিন্যাস দ্বারা টাইপ নিয়ন্ত্রিত হয়। এইভাবে গল্পের টাইপের বৈজ্ঞানিক পদ্ধতিতে বিশ্লেষণ ও শ্রেণীকরণ দ্বারা টাইপ-ইনভেন্টারি উদ্ভব হয়। লোককাহিনী ঐতিহ্যগত এবং তা বোঝার জন্য অন্য কোনো কাহিনীর উপর নির্ভরশীলতার প্রয়োজন নেই। অর্থাৎ তা স্বাধীন ও স্বতন্ত্রসত্তাবিশিষ্ট এবং স্বয়ংসম্পূর্ণ। তা জটিল বা সরল যা-ই হোক না কেন স্বতন্ত্র মেজাজ তার মধ্যে যুঁজে পাওয়া যাবেই। 'Standard Dictionary of Folklore Mythology and Legend' গ্রন্থে টাইপ সম্পর্কে বলা হয়েছে: 'A term used by students of folk literature to designate narratives capable of maintaining an independent existence in tradition. Any tale, no matter how complex or how simple it is, told as an independent narrative is considered to be a type.' [p. 1137]। থম্পসনের মতে টাইপ হলো স্বতন্ত্র অস্তিত্বের অধিকারী জনশ্রুতিমূলক কাহিনী। থম্পসন প্রদত্ত টাইপের সংজ্ঞায় আছে: 'A type is a traditional tale has an independent existence. It may be told as a complete narrative and does not depend for its meaning on any other tales.' [*The Folktale*, P. 415] টাইপ-সূচিতে মোটিফ-সূচির মতো গাণিতিক সংখ্যা ব্যবহার করা হয়। টাইপের অঙ্গ প্রকারভেদ অ্যান্টি আর্নে নিম্নলিখিত সূচি বা Index-এর মাধ্যমে নির্দেশ করেছেন। যেমন, জীবজন্তুর কাহিনীতে [Animal Tales] ১-২৯৯টি, হাসি-ঠাট্টামূলক ক্ষুদ্র কাহিনীতে [Humour Jokes and Anecdotes] ১২০০-১৯৯৯টি, সূত্রমূলক কাহিনীতে [Formula Tales] ২০০০-২৩৯৯টি



মঙ্গলকামনায় নানা ব্রতানুষ্ঠানের আয়োজন। ব্রতকথায় দেবতার কৃপাই মূল কথা। কাউকে নিমেষে মেরে ফেলে জল ছিটিয়ে বা অলৌকিক উপায়ে তাকে জীবিত করার ক্রিয়া-কৌশলে দেবতাদের একচেটিয়া অধিকার। ভক্ত বা ভক্তের পরিবারের মঙ্গলসাধন তাঁরা করে থাকেন। দেবতাদের একচেটিয়া অধিকার। ভক্ত বা ভক্তের পরিবারের মঙ্গলসাধন তাঁরা করে থাকেন। তবে তার আগে তাদের নির্দিষ্ট দেব-দেবীর পূজা ও ব্রত পালনের ক্রটিগুলি স্মরণ করিয়ে দেন। তাঁরা যেমন 'ক্ষণে রুগ্ন, তেমনি ক্ষণেই তুষ্ট'। তাঁরা মানুষের অবিকল প্রতিরূপ। তাঁদের পূজা পৃথিবীতে প্রচারিত হোক এই বাসনা আছে। আবার ঐ বাসনা সার্থক হয় মানুষের এই পূজা পৃথিবীতে প্রচারিত হোক এই বাসনা আছে। আবার ঐ বাসনা সার্থক হয় মানুষের এই পূজা পৃথিবীতে প্রচারিত হোক এই বাসনা আছে। আবার ঐ বাসনা সার্থক হয় মানুষের এই পূজা পৃথিবীতে প্রচারিত হোক এই বাসনা আছে।

৭৫

দুর্বলকে সাহায্যদান

১২০

প্রথম সূর্যোদয় দেখা

১৬০

কৃতজ্ঞ পশু, অকৃতজ্ঞ মানুষ

২৮৫

শিশু ও সাপ

৩০৩

যমজ ভাই—ইত্যাদি।

একথা ঠিক যে, লোককথা বিশ্লেষণে 'ঐতিহাসিক-ভৌগোলিক পদ্ধতি' সর্বাপেক্ষা পুরানো; এর থেকেই টাইপ-ইনডেক্স ও মোটিফ ইনডেক্স-এর আবির্ভাব। টাইপ-ইনডেক্স পদ্ধতির দ্বারা লোককথার বহিমুখী বিষয়টি উপলব্ধ হয়। এরই পরিপূরক হলো মোটিফ ইনডেক্স। আবার এই দুয়ের সমন্বিত ব্যবহারে বিশেষ দেশ ও কালের চিত্রটি উদ্ঘাটিত হয়। এছাড়া আন্তর্জাতিক ক্ষেত্রে লোকসংস্কৃতির প্রসারেও এগুলির ভূমিকা অনস্বীকার্য।

মোটিফ-ইনডেক্সের সংজ্ঞা দিতে গিয়ে থম্পসন বলেছেন : 'A motif is the smallest element in a tale having a power to persist in tradition. In order to have this power it must have something unusual and striking about it.' [*The Folktale* পৃষ্ঠা ৪২৫] প্রত্যেকটি লোককথায় যে এক বা একাধিক মূল বিষয় থাকে তাহাকেই বলে মোটিফ। '*Standard Dictionary of Folklore Mythology and Legend*'-এর সংজ্ঞা অনুসারে : 'In folklore the terms used to designate any one of the parts into which an item of folklore can be analyzed.' [পৃষ্ঠা ৭৫৩]। আমাদের সামাজিক অবস্থানে যে বৈপরীত্যই থাকুক না কেন, আচার-অনুষ্ঠান, পূজা-পার্বণ, বিশ্বাস-সংস্কারে কোথায় যেন আশ্চর্য রকম সাদৃশ্য আছে। এইভাবে আমাদের পরস্পরের মধ্যে মানসিক সংযোগ রচিত ও রক্ষিত হয়। আমাদের লোককথাগুলি লক্ষ্য করলে এই সত্য বিশেষ ভাবে অনুভূত হয়। এগুলির মধ্যে আঞ্চলিক প্রভাব থাকলেও এর সর্বজনীন রূপটি অপ্রত্যক্ষ নয়। আমরা একটু আগেই থম্পসনের উদ্ধৃতি দিয়ে মোটিফ কাকে বলে তার উল্লেখ করেছি [—মোটিফ কাহিনীর ক্ষুদ্রতম উপাদান যা ঐতিহ্যের মধ্যে টিকে থাকার ক্ষমতাসম্পন্ন]।

একটি কাহিনীতে এক বা একের বেশি মোটিফ থাকে, যার গুণে কাহিনী গতি লাভ করে।

একটি লোককথা নানা অঞ্চল বা নানা দেশে প্রচলিত থাকতে পারে। অঞ্চলভেদে সেই কাহিনীতে কিছু কিছু ভিন্নতা এলেও মোটিফের পরিবর্তন হয় না। কারণ মোটিফের মধ্যে শাস্ত ও মোটিফ।— 'A mother as such is not a motif. A cruel mother becomes one because she is atleast thought to be unusual. The ordinary process are not motifs. [*The Folktale* পৃষ্ঠা ৭৩৫]। আমার বিশ্বাস, সংস্কার, নিষেধ ও জাদু সংক্রান্ত অজস্র মোটিফ আছে। ভিন্ন ভিন্ন দেশ ও সমাজ-শ্রেণিতে এগুলির মধ্যে লক্ষিত সাদৃশ্য দেখে মনে হয় 'বিশ্ব এখানে রচিয়াছে গৃহ সর্বলোকের মারে।'

টাইপ-ইনডেক্স-পদ্ধতি লোককথার বহিমুখী বিষয়কে তুলে ধরে, আর মোটিফ-ইনডেক্স পদ্ধতি লোককথার অন্তর্মুখী অভিপ্রায়ের সন্ধান দেয়। প্রত্যেক লোককাহিনীতে এক বা একাধিক মোটিফ থাকে অ্যান্টি আর্নে ও স্টিথ থম্পসন তার সূচী বা [index] তৈরি করেছেন এবং ইংরেজি বর্ণমালার সঙ্গে গাণিতিক সংখ্যা যুক্ত করে মোটিফগুলিকে সূচিভুক্ত করেছেন। যেমন : 'কিরণমালা' গল্পে সোনার পাখি অলৌকিক গুণসম্পন্ন এবং সে মানুষের মতো কথা বলতে পারে। এই জাতীয় অলৌকিক বৈশিষ্ট্যযুক্ত পাখি 'মোটিফ বি'-এর অন্তর্গত। বৃড়ি অরুণ, বরুণকে বলেছিল, মায়াপুরীর মায়াকাননে অঙ্গরীদের দেখে না ভুলতে। ডাইনীর সামনে না যেতে। যদি এর অন্যথা হয় তাহলে তাদের উদ্দেশ্য সফল হবে না। কোনো কিছুতে এই রকম শর্ত আরোপ হলো 'মোটিফ এম'। এই কাহিনীর 'টাইপ' হলো 'পিতা-মাতার পরিচয় জানার আকুলতা। এর জন্য তাদের অনেক বিয়-বাধা অতিক্রম করতে হয়েছে। এই 'টাইপ' ধরে খুঁজলে পৃথিবীর লোককথার সঙ্গে এর সংযোগ ও ইতিহাস খুঁজে পাওয়া যাবে। নিরাশ্রয়, অনাথ শিশুদের পিতা-মাতাকে খুঁজে বের করার অক্লান্ত চেষ্টা এক অর্থে তাদের ভাগ্য-অন্বেষণ। এইভাবেই 'টাইপ' ও 'মোটিফ'ের বিশ্লেষণে বৈশিষ্ট্য উপলব্ধ হয়। থম্পসন বিশ্বের লোকসাহিত্যের নানা শাখা বিশ্লেষণ করে প্রথমে মোটিফ চিহ্নিত করেন এবং বৈজ্ঞানিক পদ্ধতিতে এর বর্ণীকরণ করেন। তিনি ইংরেজি A থেকে Z পর্যন্ত [I, O, Y ছাড়া] অক্ষর সমূহ নিয়ে স্তম্ভ তৈরি করে প্রতিটি অক্ষরের আওতায় সমধর্মী মোটিফগুলোকে অন্তর্ভুক্ত করেন। এছাড়া 'প্রতি ধারার মোটিফের সূক্ষ্মাতিসূক্ষ্ম বিভাগ উপবিভাগ আছে। একাজে তিনি গাণিতিক সংখ্যা ব্যবহার করেন; সাধারণ বিভাগের জন্য পূর্ণ সংখ্যা আর উপবিভাগের জন্য দশমিক [Decimal] ব্যবহার করেছেন।' [ওয়ালিক আহমদ 'লোককলা তত্ত্ব ও মতবাদ' পৃ. ৪৪]। থম্পসন যে মোটিফ-সূচি দিয়েছেন তার কয়েকটিমাত্র উল্লেখ করা হলো বটে কিন্তু এই লেখার শেষে থম্পসনের মূল বই *Motif-Index of Folk-Literature* [2nd 1955] থেকে সম্পূর্ণ Index-টি ছেপে দিয়েছি।

বর্গ	বিষয়	সংখ্যা
এ	লোকপুরাণ [Myth]	এ০-এ ২৭৯৯
বি	জীবজন্তু [Animal]	বি০-বি ৭৯৯
সি	বিধিনিষেধ [Tabu]	সি০-সি ৯৯৯
ডি	জাদু [Magic]	ডি০-ডি ২১৯৯

ই	মৃত [Dead]	ই০-ই ৭৯৯
এফ	অসাধাসাধন [Adventure]	এফ০-এফ ০৯৯ —ইত্যাদি
আবার, মোটিফ-এ-র উপবিভাগ :		
মোটিফ-এ	১. সৃষ্টিকর্তা	এ০-এ৯৯
এ০-এ ২৭৯৯	২. দেবতা	এ১০০-এ৪৯৯
	৩. উপদেবতা ও লৌকিক বীর	এ৫০০-এ৫৯৯
	৪. বিশ্বসৃষ্টি তত্ত্ব ও বিশ্বতত্ত্ব	এ৬০০-এ৮৯৯ —ইত্যাদি।

মোটিফ-ইনডেক্স-এ সংখ্যার ব্যবহারের বিশেষত্ব সম্বন্ধে স্টিথ থম্পসন নিজেই বলেছেন : 'A numbering system was devised, remately similar to that used by the library of Congress, so that the Index can be indefinitely expanded at any point. Every motif has a number indicating its place in the classification. The details of the system are not difficult.' [The Folklore, p. 425]

আর্নের টাইপ-ইনডেক্সের সম্প্রসারণের জন্যই স্টিথ থম্পসন মোটিফ-ইনডেক্সের কাজ শুরু করেন এবং ১৯৩২ থেকে ১৯৩৬ সালের মধ্যে প্রকাশ করতে থাকেন মোটিফ-ইনডেক্সের তালিকা। পরে এগুলি একত্রে ছয়খণ্ডে প্রকাশিত হয়, যা 'Motif-Index of Folk-Literature' নামে খ্যাত। এইভাবে অ্যান্থ্রোপোলজি ও স্টিথ থম্পসনের অক্সফোর্ড চেম্বার্স হেলসিন্ধির লোকসাহিত্য সংস্থা—বিশ্বের লোকসংস্কৃতি-বিশেষজ্ঞদের কাছে অত্যন্ত গুরুত্বের সঙ্গে পরিচিত হয়েছেন। প্রসঙ্গত উল্লেখযোগ্য, লোকসাহিত্য ও লোকঐতিহ্য সংগ্রহের জন্য হেলসিন্ধিতে প্রতিষ্ঠিত হয়েছিল গ্রন্থাগার ও গবেষণাগার এবং ১৮৮৮-তে হেলসিন্ধি বিশ্ববিদ্যালয়ে প্রথম খোলা হয়েছিল ফোকলোর বিভাগ। সুতরাং এ প্রসঙ্গে হেলসিন্ধির ঐতিহাসিক গুরুত্ব অবশ্যই স্বীকার্য।

আলোচনার উপসংহারে লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্সের বিষয়টি সূত্রাকারে উল্লেখ করা যেতে পারে :

১. এই পদ্ধতিতে সারা বিশ্বে প্রচলিত বিভিন্ন লোককাহিনীগুলিকে পৃথক পৃথক সংখ্যা চিহ্নিত করায় লোকসাহিত্য চর্চা ও গবেষণার পথ সুগম হয়েছে।
২. লোককথার অভিপ্রায়ের বিশ্বজনীনতা ও মানব সমাজের অন্তর্নিহিত অভিন্নতা মোটিফ-ইনডেক্সের সাহায্যে উপলব্ধি করা সম্ভব।
৩. মানব সভ্যতার মানসিক বিবর্তনের স্তরগুলি মোটিফ ইনডেক্সের মাধ্যমে সুবিন্যস্ত হতে পারে।
৪. টাইপ ও মোটিফ ইনডেক্স-সজ্জার ক্ষেত্রে থম্পসন সাংস্কৃতিক নৃবিজ্ঞানের বৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগ করেছেন।
৫. থম্পসন প্রদত্ত তালিকাটি বিজ্ঞান-নির্ভর বলেই পরবর্তী সময়ে লোককথার নূতন মোটিফ আবিষ্কৃত হলে তাকে সহজেই তালিকাভুক্ত করা সম্ভব হয়েছে।
৬. অ্যালান ডানডেস এই পদ্ধতির সীমাবদ্ধতার কথা বললেও লোকজীবনের পরিবর্তনশীল গতিপ্রকৃতি ও সমাজ ইতিহাস অন্বেষণে এর গুরুত্ব যে অপরিসীম তা বলাই বাহুল্য।

৭. আমাদের লোকসংস্কৃতি ও লোককথা বৈচিত্র্যে সমৃদ্ধ। এই বৈচিত্র্য টাইপ ও মোটিফ ইনডেক্সের সাহায্যেই সঠিকভাবে বোঝানো সম্ভব।

৮. সহজভাবে বললে বলা যায়, কোনো একটি দেশ বা স্থানে প্রচলিত লোককথাকে একটি নির্দিষ্ট টাইপে ভাগ করে বিভিন্ন দেশের সংগ্রহ থেকে সেই নির্দিষ্ট গল্পটির প্রচলন স্থান অন্বেষণ করে আমরা ঐ লোককথার জন্মস্থান নির্ণয় করতে পারি। আবার, গল্প যেহেতু পরিবর্তনের ইতিহাসটি বোধগম্য হতে পারে।

সংযোজন : ১. ড. আশুতোষ ভট্টাচার্য

ক. 'এ-কথা সত্য, লোক-কথার মধ্যে যে সকল চরিত্র কিংবা ঘটনা থাকে, তাহা কোন সর্বেশ্বর [individual] চরিত্র লাভ করিতে পারে না; সেইজন্য ইহা type বা ছাঁচে ঢালাই বলিয়া মনে হয়। সুতরাং type অনুযায়ী ইহাদিগের শ্রেণীবিভাগ করিলে ইহাদের আলোচনার পক্ষে সুবিধা হয়। ইহাদের মধ্য দিয়া পৃথিবীব্যাপী লোককথার মধ্যে একটি ঐক্যের সন্ধান পাওয়া যায়। কিন্তু তাহা সত্ত্বেও এই শ্রেণীবিভাগ অত্যন্ত জটিল। বিশেষত একই লোককথার মধ্যে বিভিন্ন চরিত্রেরও type বা আদর্শ থাকিতে পারে, সেইজন্যে প্রত্যেকটি লোককথাই এক-একটি স্বাধীন ছাঁচের অন্তর্ভুক্ত হইতে পারে না। ইহাতে লোককথাগুলির type সংখ্যা বাড়িয়া গিয়া শ্রেণীবিভাগ জটিল করিয়া তুলে।'

খ. 'অধ্যাপক স্টিথ টমসন ইহার পর লোককথাগুলিকে ইহাদের অভিপ্রায় [motif] অনুযায়ী পুনর্বিভাগ করেন, তাহাই টমসন প্রবর্তিত Motif Index নামে পরিচিত।... এই শ্রেণীবিভাগ অত্যন্ত ব্যাপক এবং পৃথিবীর বিভিন্ন জাতির জীবনে ও সংস্কৃতির উপর ভিত্তি করিয়া ইহা পরিকল্পিত হয় বলিয়া লোককথার আলোচনা সম্পর্কে ইহাই আজ সর্বত্র গৃহীত হইয়া থাকে। এই শ্রেণীবিভাগের উপর ভিত্তি করিয়া অধ্যাপক স্টিথ টমসন পৃথিবীর এ-যাবৎ সংগৃহীত প্রায় সকল লোককথারই একটি তালিকা প্রস্তুত করিয়াছেন, তাহা Motif Index of Folk Literature নামে ছয়টি বৃহৎ খণ্ডে প্রকাশিত হইয়াছে।...

'...কিন্তু ইহা দ্বারাও যে সকল সমস্যার সমাধান হইয়াছে, তাহা নহে। প্রথমত, ইহা অত্যন্ত ব্যাপক এবং কেবলমাত্র বিস্তৃত উপকরণের উপর ইহা দ্বারা কাজ করা যাইতে পারে। যদি বিশেষ কোন জাতির কিংবা অঞ্চলের লোককথা লইয়া আলোচনা করিবার প্রয়োজন হয়, তবে দেখা যায়, সেই জাতির নিজস্ব প্রকৃতি অনুযায়ী যে লোককথা তাহার মধ্যে গড়িয়া উঠে কিংবা প্রচার লাভ করে, তাহার সীমা আরও সংকীর্ণ। সেই ক্ষেত্রে এই বিস্তৃত শ্রেণীবিভাগের কোন অবশ্যকতা করে না।...তবে একথা সত্য যে, যে-সকল লোককথা সরল অর্থাৎ যাহাদের মধ্যে একটির বেশী দুইটি অভিপ্রায় নাই, তাহাদের সম্পর্কে এই শ্রেণীবিভাগ অত্যন্ত ব্যাপক হইলেও সার্থক বলিয়া বিবেচিত হইতে পারে।'

'...Motif বা অভিপ্রায়ের উপর ভিত্তি করিয়া শ্রেণীবিভাগ করিবার আর একটি ক্রটি সম্পর্কে একজন ইংরেজ গবেষক যাহা বলিয়াছেন, তাহা এখানে উল্লেখ করিতে পারি। তিনি লিখিয়াছেন : The more significant or salient traits of these stories— motifs as

we may call them— are distributed and rearranged a new in everytime and clime of India. Everywhere each narrator and recorder takes up, as it were, the whole chain of these motifs, which we may liken to a chain of beads. He tears it apart so that the beads scatter in every direction, and then he strings them up in a new arrangement. Thus any motif may turn up at any time, in any place, and practically in any connection in Hindu fiction and its tributaries'.

লোককথা মৌখিক সাহিত্য বলিয়া ইহা সর্বদাই পরিবর্তিত হইতে হইতে ক্রমবিকাশ লাভ করে, এই পরিবর্তন প্রধানত বহিরাঙ্গই হইয়া থাকে, কোন কোন সময় অন্তরঙ্গও যে না হয়, তাহাও নহে; সেইজন্য ইহাদের অভিপ্রায়ও [motif] পরিবর্তিত হইতে পারে। রূপকথা কিংবা উপকথাগুলি যখন বাবহারিক প্রয়োজনে ব্রতকথায় পরিবর্তিত হইয়া যায়, তখন ইহাদের মধ্যে যাহা মৌলিক অভিপ্রায় ছিল, তাহা গৌণ হইয়া গিয়া এক নূতন অভিপ্রায়ের [motif] সৃষ্টি হয়। এইভাবে ভারতীয় প্রাচীনতর উপকথাগুলি যখন বৌদ্ধ জাতকের কাহিনীতে পরিবর্তিত হইয়াছিল, তখন ইহাদের মৌলিক অভিপ্রায় যে অনেকাংশে পরিবর্তিত হইয়া গিয়াছিল, তাহা অস্বীকার করিবার উপায় নাই। তথাপি এ কথা সত্য, লোক-কথা যে-পরিবর্তনই স্বীকার করুক না কেন, ইহার মূল অভিপ্রায়ই [motif] সর্বাপেক্ষা অপরিবর্তিত থাকে। চরিত্রের গুণ কিংবা বিষয়ের পরিণতি—ইহারা সহজে পরিবর্তিত হইতে পারে বলিয়া type অনুযায়ী যে শ্রেণী-বিভাগ করা হয়, তাহা অপেক্ষা অভিপ্রায় [motif] অনুযায়ী শ্রেণীবিভাগ অনেক কারণেই বিশেষ ভাবে সমর্থনযোগ্য। সেইজন্য আধুনিক গবেষকদিগের মধ্যে লোককথার শ্রেণীবিভাগের এই নীতিই বাপকভাবে গৃহীত হইতেছে। স্টিথ টমসনের Motif Index of Folk Literature গ্রন্থ প্রকাশিত হইবার পূর্বে এই বিষয়ে যে যাহার ইচ্ছামত এক একটি প্রণালী গ্রহণ করিতেন; কিন্তু এখন সকলেই তাঁহার নীতি অনুসরণ করিবার পক্ষপাতী।

গ. 'প্রত্যেক জাতিরই নিজস্ব কতকগুলি স্থানীয় [local] সমস্যা আছে, তাহাও এই সম্পর্কে উপেক্ষিত হইতে পারে না। বাঙলার সমাজে যে এক বিপুল সংখ্যক ব্রতকথা আছে, তাহাও লোককথার বিশিষ্ট বিভাগ। ইহার অভিপ্রায় দৈব নিগ্রহ ও অনুগ্রহ। ইহাকে Chance and Fate বিভাগের অন্তর্ভুক্ত করা যায় সত্য; কিন্তু ইহা দ্বারাও ইহার পরিপূর্ণ পরিচয় প্রকাশ করা সম্ভব হয় না। অন্যান্য দেশে এই শ্রেণীর লোককথার সংখ্যা অধিক নহে; কারণ, যে সকল জাতি একান্ত দৈবনির্ভর, তাহাদের মধ্যে ব্যতীত Chance and Fate বিষয়ক কাহিনীর সন্ধান পাওয়া যাইতে পারে না। বাংলা ভাষায় এই শ্রেণীর লোককথার সংখ্যা অধিক। সুতরাং প্রত্যেক দেশেরই নিজস্ব অবস্থা অনুসারে লোককথার ক্ষুদ্রতর বিভাগগুলি পরিকল্পনা করিলেও আন্তর্জাতিক ভিত্তিতে বিস্তৃততর গবেষণার ক্ষেত্রে অভিপ্রায় অনুযায়ী বিভাগই সর্বাপেক্ষা উপযোগী বলিয়া বিবেচিত হইতে পারে।

গ. 'পূর্বেই বলিয়াছি, এক একটি কাহিনীর বিভিন্ন অভিপ্রায় থাকিতে পারে; সুতরাং সূক্ষ্মভাবে অধ্যাপক স্টিথ টমসনের প্রণালী অনুসরণ করিয়া গেলেও তাহাতেই যে এই বিষয়ে শেষ কথা বলা হয়, তাহা নহে। প্রত্যেক জাতিরই সংস্কার অনুযায়ী এক একটি অভিপ্রায়

গুরুত্ব লাভ করিয়া থাকে; সুতরাং যখন আঞ্চলিক সংগ্রহ প্রকাশ করিবার প্রয়োজন হয়, তখন সেই অনুযায়ী শ্রেণীবিভাগ করিয়া লইলে সেই সমাজের পাঠকদিগের পক্ষে তাহা বিশেষ আন্তর্জাতিক নীতি অনুসরণযোগ্য বলিয়া বিবেচিত হয়। কেবলমাত্র বৃহত্তর ক্ষেত্রে আলোচনার সময় এই বিষয়ক শ্রেণীবিভাগ সম্পর্কে যে-নীতি অনুসরণ করা হইয়াছে, তাহা কোন আন্তর্জাতিক নীতি নহে, রীতি। এই প্রণালীটি অনুসরণ করিলে লোককথা বর্ণনায় অহেতুক পাণ্ডিত্য প্রকাশের পরিবর্তে ইহার রস-বিচার অব্যাহত থাকিতে পারে।

একজন ইংরেজ লোকসাহিত্য গবেষকও লিখিয়াছেন... 'a motif is at most only one element in a tale. More important than the motif itself is the emphasis it receives, the values which the actual telling gives to its details, the purpose it is made to serve. The motif is merely the material for an attitude and it is the attitude in the story that links it distinctively to a tribe.'

চ. কোন লোককথা সামগ্রিক ভাবে বিচার করিতে গেলে কেবলমাত্র ইহার অভিপ্রায়টির দিকেই লক্ষ্য রাখিলে চলে না; কারণ, অভিপ্রায় বা motif ইহার একটি মাত্র বিষয়। প্রত্যেক জাতিই নিজের দিক হইতে ইহাদের এক একটি বিষয়ের উপর জোর দিয়া থাকে। প্রত্যেক লোককথাই এক একটি বিশেষ উদ্দেশ্যও সিদ্ধ করিয়া থাকে, এই উদ্দেশ্য সকল জাতির নিকট কখনও এক এবং অভিন্ন হইতে পারে না। সেই অনুযায়ীই প্রত্যেক জাতির মধ্যেই ইহাদের বর্ণনা দীর্ঘ এবং সংক্ষিপ্ত হইতে পারে। সুতরাং প্রত্যেক জাতির লোককথার স্বতন্ত্র ভাবে বিচার করিবার সময় কেবলমাত্র ইহার মূল অভিপ্রায়টির সন্ধান না করিয়া যে সকল বিষয়ের প্রতি ইহা বিশেষ গুরুত্ব আরোপ করিতে চাহে, তাহাও সুস্পষ্ট ভাবে নির্দেশ করিবার আবশ্যিক হয়।

—'বাংলার লোকসাহিত্য': ৪র্থ খণ্ড [১৯৬৬]: পৃষ্ঠা : ৫৪-৫৮।

সংযোজন : ২. :

আমাদের এই উপমহাদেশে [বিশ্বের অন্যত্রও হয় তো (!)] বঁরাই লোককথা [folktale] পর্য্যালোচনা করেছেন তাঁরাই Antti Aarne এবং Stith Thompson-এর Type সূচি এবং Motif সূচীকে প্রায় সর্বাংশে অনুসরণ করেছেন। Antti Aarne-এর পরিশ্রম এবং গবেষণার অনন্য ফসলকে আরো কিছু প্রসারিত ও পরিমার্জিত করে Thompson সাহেব তাঁর Motif সূচি তৈরি করেছেন। অক্সফোর্ড পরিশ্রমে [১৯৩২-১৯৩৬] পুরাণোক্ত দেব-দানবকল্প এই কাজ ছয় খণ্ডে সমাপ্ত হয়েছে। আমরা এখানে দেখাবো যে প্রধানত বঙ্গীয় লোকসংস্কৃতিবিদগণ বাঙলার লোককথা বিশ্লেষণ ও ব্যাখ্যার প্রয়োজনে কিভাবে আর্নে-থমসনের টাইপ-মোটিফ সূচির সাহায্য নিয়ে পাশ্চাত্য-প্রাচ্য লোককথার রসোপভোগের পদ্ধতি নির্মাণ করেছেন। এই বিষয়টি বোঝা যাতে সহজ হয় তার কারণে আমরা Stith Thompson এর Motif-Index of Folkliterature 'Volume One : A-C [1955— Revised and Enlarged Edition] গ্রন্থের 29-35 পৃষ্ঠা এখানে ছেপে দিলাম।

# GENERAL SYNOPSIS OF THE INDEX

## A. MYTHOLOGICAL MOTIFS

- A0-A99. Creator
- A100-A499. *Gods*  
 A100-A199. The gods in general  
 A200-A299. Gods of the upper world  
 A300-A399. Gods of the underworld  
 A400-A499. Gods of the earth
- A500-A599. Demigods and culture heroes
- A600-A899. *Cosmogony and cosmology*  
 A600-A699. The universe  
 A700-A799. The heavens  
 A800-A899. The earth
- A900-A999. Topographical features of the earth
- A1000-A1099. World calamities
- A1100-A1199. Establishment of natural order
- A1200-A1699. *Creation and ordering of human life*  
 A1200-A1299. Creation of man  
 A1300-A1399. Ordering of human life  
 A1400-A1499. Acquisition of culture  
 A1500-A1599. Origin of customs  
 A1600-A1699. Distribution and differentiation of peoples
- A1700-A2199. *Creation of animal life*  
 A1700-A1799. Creation of animal life - general  
 A1800-A1899. Creation of mammals  
 A1900-A1999. Creation of birds  
 A2000-A2099. Creation of insects  
 A2100-A2199. Creation of fish and other animals.
- A2200-A2599. Animal characteristics  
 A2200-A2299. Various causes of animal characteristics  
 A2300-A2399. Causes Of animal characteristics: body  
 A2400-A2499. Causes of animal characteristics: appearance and habits  
 A2500-A2599. Animal characteristics - miscellaneous
- A2600-A2699. Origin of trees and plants  
 A2700-A2799. Origin of plant characteristics  
 A2800-A2899. Miscellaneous explanations

## B. ANIMALS

- BO-B99. Mythical animals  
 B100-B199. Magic animals  
 B200-B299. Animals with human traits
- B300-B599. *Friendly animals*  
 B300-B349. Helpful animals - general  
 B350-B399. Grateful animals  
 B400-B499. Kinds of helpful animals  
 B500-B599. Services of helpful animals
- B600-B699. Marriage of person to animal  
 B700-B799. Fanciful traits of animals  
 B800-B899. Miscellaneous animal motifs

## C. TABU

- C0-C99. Tabu connected with supernatural beings
- C100-C199. Sex tabu
- C200-C299. Eating and drinking tabu
- C300-C399. Looking tabu
- C400-C499. Speaking tabu
- C500-C549. Tabu: touchirig
- C550-C599. Class tabu
- C600-C699. Unique prohibitions and compulsions.
- C700-C899. Miscellaneous tabus
- C900-C999. Punishment for breaking tabu

## D. MAGIC

- D0-D699. *Transformation*  
 D0-D99. Transformation: man to different man  
 D100-D199. Transformation: man to animal  
 D200-D299. Transformation: man to object  
 D300-D399. Transformation: animal to person  
 D400-D499. Other forms of transformation  
 D500-D599. Means of transformation  
 D600-D699. Miscellaneous transformation incidents
- D700-D799. Disenchantment
- D800-D1699. *Magic objects*  
 D800-D899. Ownership of magic objects

- D900–D1299. Kinds of magic objects  
 D1300–D1599. Function of magic objects  
 D1600–D1699. Characteristics of magic objects  
 D1700–D2199. *Magic powers and manifestations*  
 D1700–D1799. Possession and employment of magic powers  
 D1800–D2199. Manifestations of magic power .

## E. THE DEAD

- E0–E199. Resuscitation  
 E200–E599. *Ghosts and other revenants*  
 E200–E299. Malevolent return from the dead  
 E300–E399. Friendly return from the dead  
 E400–E599. Ghosts and revenants – miscellaneous  
 E600–E699. Reincarnation  
 E700–E799. The Soul

## F. MARVELS

- F0–F199. Otherworld journeys  
 F200–F699. *Marvelous creatures*  
 F200–F399. Fairies and elves  
 F400–F499. Spirits and demons  
 F500–F599. Remarkable persons  
 F600–F699. Persons with extraordinary powers  
 F700–F899. Extraordinary places and things  
 F900–F1099. Extraordinary occurrences

## G. OGRES

- G10–G399. *Kinds of Ogres*  
 G10–G99. Cannibals and cannibalism  
 G100–G199. Giant ogres  
 G200–G299. Witches  
 G300–G399. Other ogres  
 G400–G499. Falling into ogre's power  
 G500–G599. Ogre defeated  
 G600–G699. Other ogre motifs

## H. TESTS

- H0–H199. Identity tests: recognition  
 H200–H299. Tests of truth  
 H300–H499. Marriage tests  
 H500–H899. *Tests of cleverness*  
 H500–H529. Test of cleverness or ability  
 H530–H899. Riddles  
 H900–H1199. *Tests of prowess: tasks*  
 H900–H999. Assignment and performance of tasks  
 H1000–H1199. Nature of tasks  
 H1200–H1399. *Tests of prowess: quests*  
 H1200–H1249. Attendant circumstances of quests  
 H1250–H1399. Nature of quests  
 H1400–H1599. *Other tests*  
 H1400–H1449. Tests of fear  
 H1450–H1499. Tests of vigilance  
 H1500–H1549. Tests of endurance and power of survival  
 H1550–H1569. Tests of character  
 H1570–H1599. Miscellaneous tests

## J. WISE AND THE FOOLISH

- J0–J199. Acquisition and possession of wisdom (knowledge)  
 J200–J1099. *Wise and unwise conduct*  
 J200–J499. Choices  
 J500–J599. Prudence and discretion  
 J600–J799. Forethought  
 J800–J849. Adaptability  
 J850–J899. Consolation in misfortune  
 J900–J999. Humility  
 J1000–J1099. Other aspects of wisdom  
 J1100–J1699. *Cleverness*  
 J1110–J1129. Clever persons  
 J1130–J1199. Cleverness in the law court  
 J1200–J1229. Clever man puts another out of countenance  
 J1230–J1249. Clever dividing  
 J1250–J1499. Clever verbal retorts (repartee)



- J1500-J1649. Clever practical retorts  
 J1650-J1699. Miscellaneous clever acts
- J1700-J2749. *Fools (and other unwise persons)*  
 J1700-J1749. Fools (general)  
 J1750-J1849. Absurd misunderstandings  
 J1850-J1999. Absurd disregard of facts  
 J2000-J2049. Absurd absent-mindedness  
 J2050-J2199. Absurd short-sightedness  
 J2200-J2259. Absurd lack of logic  
 J2260-J2299. Absurd scientific theories  
 J2300-J2349. Gullible fools  
 J2350-J2369. Talkative fools  
 J2370-J2399. Inquisitive fools  
 J2400-J2449. Foolish imitation  
 J2450-J2499. Literal fools  
 J2500-J2549. Foolish extremes  
 J2550-J2599. Thankful fools  
 J2600-J2649. Cowardly fools  
 J2650-J2699. Bungling fools  
 J2700-J2749. The easy problem made hard  
 J2750-J2799. Other aspects of wisdom or foolishness

## K. DECEPTIONS

- K0-K99. Contests won by deception  
 K100-K299. Deceptive bargains  
 K300-K499. Thefts and cheats  
 K500-K699. Escape by deception  
 K700-K799. Capture by deception  
 K800-K999. Fatal deception  
 K1000-K1199. Deception into self-injury  
 K1200-K1299. Deception into humiliating position  
 K1300-K1399. Seduction or deceptive marriage  
 K1400-K1499. Dupe's property destroyed  
 K1500-K1599. Deceptions connected with adultery  
 K1600-K1699. Deceiver falls into own trap  
 K1700-K2099. *Deception through shams*  
 K1700-K1799. Deception through bluffing  
 K1800-K1899. Deception by disguise or illusion  
 K1900-K1999. Impostures

- K2000-K2099. Hypocrites  
 K2100-K2199. False accusations  
 K2200-K2299. Villains and traitors  
 K2300-K2399. Other deceptions

## L. REVERSAL OF FORTUNE

- L0-L99.  
 L100-L199. Victorious youngest child  
 L200-L299. Unpromising hero (heroine)  
 L300-L399. Modesty brings reward  
 L400-L499. Triumph of the weak  
 Pride brought low

## M. ORDAINING THE FUTURE

- M0-M99. Judgments and decrees  
 M100-M199. Vows and oaths  
 M200-M299. Bargains and promises  
 M300-M399. Prophecies  
 M400-M499. Curses

## N. CHANCE AND FATE

- N0-N99. Wagers and gambling  
 N100-N299. The ways of luck and fate  
 N300-N399. Unlucky accidents  
 N400-N699. *Lucky accidents*  
 N400-N439. Lucky business ventures  
 N440-N499. Valuable secrets learned  
 N500-N599. Treasure trove  
 N600-N699. Other lucky accidents  
 N700-N799. Accidental encounters  
 N800-N899. Helpers

## P. SOCIETY

- P0-P99. Royalty and nobility  
 P100-P199. Other social orders  
 P200-P299. The family  
 P300-P399. Other social relationships

- P400–P499. Trades and professions  
 P500–P599. Government  
 P600–P699. Customs  
 P700–P799. Society– miscellaneous motifs

## Q. REWARDS AND PUNISHMENTS

- Q10–Q99. Deeds rewarded  
 Q100–Q199. Nature of rewards  
 Q200–Q399. Deeds punished  
 Q400–Q599. Kinds of punishment

## R. CAPTIVES AND FUGITIVES

- R0–R99. Captivity  
 R100–R199. Rescues  
 R200–R299. Escapes and pursuits  
 R300–R399. Refuges and recapture

## S. UNNATURAL CRUELTY

- S0–S99. Cruel relatives  
 S100–S199. Revolting murders or mutilations  
 S200–S299. Cruel sacrifices  
 S300–S399. Abandoned or murdered children  
 S400–S499. Cruel persecutions

## T. SEX

- T0–T99. Love  
 T100–T199. Marriage  
 T200–T299. Married life  
 T300–T399. Chastity and celibacy  
 T400–T499. Illicit sexual relations  
 T500–T599. Conception and birth  
 T600–T699. Care of children

## U. THE NATURE OF LIFE

- U0–U99. Life's inequalities  
 U100–U299. Nature of life – miscellaneous

## V. RELIGION

- VO–V99. Religious services  
 V100–V199. Religious edifices and objects  
 V200–V299. Sacred persons  
 V300–V399. Religious beliefs  
 V400–V449. Charity  
 V450–V499. Religious orders  
 V500–V599. Religious motifs - miscellaneous

## W. TRAITS OF CHARACTER

- WO–W99. Favorable traits of character  
 W100–W199. Unfavorable traits of character  
 W200–W299. Traits of character – miscellaneous

## X. HUMOR

- X0–X99. Humor of discomfiture  
 X100–X199. Humor of disability – physical  
 X200–X599. *Humor of social classes*  
 X200–X299. Humor dealing with tradesmen  
 X300–X499. Humor dealing with professions  
 X500–X599. Humor concerning other social classes  
 X600–X699. Humor concerning races or nations  
 X700–X799. Humor concerning sex  
 X800–X899. Humor based on drunkenness  
 X900–X1899. Humor of lies and exaggeration

## Z. MISCELLANEOUS GROUPS OF MOTIFS

- Z0–Z99. Formulas  
 Z100–Z199. Symbolism  
 Z200–Z299. Heroes  
 Z300–Z399. Unique exceptions  
 Z400–Z499. Historical, genealogical or biographical motifs  
 Z500–Z599. Horror stories.

এমন একটি শ্রমসাধ্য কাজ থম্পসন কেন করলেন, তাঁর উদ্দেশ্য কি তা তাঁর গ্রন্থের ভূমিকায় [Introduction] [‘Purpose of the present work’] পরিষ্কার করে বলেছেন।

তাঁর বক্তব্য এই যে :

ক. যুরোপের বাইরে আর্নের প্রস্তুত সূচির প্রয়োজন যথেষ্ট কম। পৃথিবীর প্রত্যন্ত অংশ থেকে আমাদের তা সংগ্রহ করতে হবে। তথাপি বিশ্বের লোকসাহিত্যের মধ্যে কিছু সাদৃশ্য পাওয়া গেলেও তা সম্পূর্ণ গল্পে একক কোন মোটিফকে পাওয়া যায় না। সেই কারণে পৃথিবীতে যত গল্প প্রচলিত আছে তাদের মধ্যে থেকে একটি মোটিফের অস্তিত্বকে খোঁজার চেষ্টা হলো। এইভাবে নিয়মানুগ পদ্ধতিতে মোটিফগুলি বর্গীকরণ করা গেলো এবং দেখা হলো ঐ মোটিফ কোন কোন গল্পে পাওয়া যাচ্ছে।

খ. এটা করতে গিয়ে আমাকে সচেতন থাকতে হয়েছে যাতে একই নীতি গ্রহণ করে বিষয়টিকে সর্বজনবোধ্য করে তোলা যায়। নানাবিধ মোটিফের অবয়বগত রূপকে পরিত্যাগ করে সাধারণ গল্প এবং লোকসম্পৃক্ত মিথের বর্ণনাই অধিক বাস্তবসম্মত বলে আমার মনে হয়েছে।

গ. বিভিন্ন গ্রন্থের সদৃশ্যে শ্রেণী-বিন্যাস করতে যাওয়া অন্যতম সমস্যা। যেমন ইতিহাসের গতিপ্রকৃতির-ভালোমন্দ রোমন, ফরাসী এবং অন্যান্য ক্ষেত্রে সমগেত্রীয়, অন্যদিকে এই শ্রেণী-বিন্যাস করতে গিয়ে মনে রাখতে হবে সাহিত্যের মূল সূত্রগুলি যেন সকলের কাছে স্পষ্টভাবে গ্রহণযোগ্য হয়। এই ভাবনা অনুসারে শিল্পকর্মের মূলভাব সাহিত্যে প্রতিভাত রূপের সঙ্গে একাত্ম হওয়া প্রয়োজন। সাহিত্যের বিভিন্ন মানসিক ব্যাখ্যা গঠনগত বৈশিষ্ট্য আলাদাভাবে ব্যাখ্যা করা জটিল। একটি কাহিনীর বিন্যাসগুলিই লোকের কাছে সহজে গ্রহণযোগ্য হয়।

ঘ. এই শ্রেণীবিন্যাসের ক্ষেত্রে সাদৃশ্য একটি বড় বিষয়। ইতিহাসের বিন্যাস সেটা ভালই হোক বা মন্দই হোক সেটা রোমের ইতিহাস, ফরাসী ইতিহাস বলেই চিহ্নিত হবে, পাশাপাশি অপুট হাতের গবেষণামূলক কাজও আছে। একটি পাঠাগারের শ্রেণীবিন্যাসে এত সূক্ষ্ম হওয়া সম্ভব নয়। একই রকম ভাবে শিল্পকর্মের মূলভাব নিরূপণের ক্ষেত্রে সহজ ও অনায়াস পদ্ধতি অবলম্বন করাই যুক্তিযুক্ত।

ঙ. ব্যবহারিক প্রয়োজনে শিল্পকর্মের বৈশিষ্ট্য নানামুখী হওয়াই যুক্তিযুক্ত। একটি কাহিনীর বৈশিষ্ট্য নানামুখী হওয়াই উচিত। একটি কাহিনীর বৈশিষ্ট্য, গতি অন্যান্য নানা দিককেও লক্ষ্য রাখা দরকার। একটি কাহিনীর বহুমুখী ধারা আছে, কিছু কিছুর উল্লেখ ওয়েসেলফি বা থ্রিচ্চেন এবং আরও কেউ কেউ দার্শনিকভাবে করেছেন। কিন্তু লোকসংস্কৃতিবিদদের সাধারণ শ্রেণী বিন্যাসে কাহিনীর শ্রেণীবিন্যাস করাই যুক্তিসঙ্গত, যেহেতু সেটাই সুবিধাজনক এবং অনুসন্ধানের পক্ষেও সেটি মূল বিষয়ের কাছাকাছি থাকে।

